০৮/০৯/২৬

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

# প্রেস বিজ্ঞপ্তি

## এসএসসি পরীক্ষা ২০২৬-এর পুনঃনিরীক্ষণ প্রসঙ্গে রাজশাহী শিক্ষা বোর্ডের বক্তব্য

রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীন অনুষ্ঠিত এসএসসি পরীক্ষা ২০২৬-এর ফলাফল প্রকাশের পর শিক্ষার্থীদের আবেদনের পরিপ্রেক্ষিতে প্রচলিত বিধি ও নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করে ফল পুনঃনিরীক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়।

সম্প্রতি বিভিন্ন গণমাধ্যমে পুনঃনিরীক্ষণ কার্যক্রম নিয়ে বিভিন্ন ধরনের ভিত্তিহীন সংবাদ প্রকাশিত হয়েছে। বিষয়টি বোর্ড কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে।

রাজশাহী শিক্ষা বোর্ড একটি জনগুরুত্বপূর্ণ ও জরুরি সেবামূলক প্রতিষ্ঠান। নির্ধারিত সময়ের বাধ্যবাধকতা থাকায় এবং আবেদনের সংখ্যা তুলনামূলকভাবে অধিক হওয়ায় ও শিক্ষাবর্ষের কথা চিন্তা করে পরীক্ষা সংক্রান্ত, উত্তরপত্র পুনর্নিরীক্ষণ, বা জরুরি প্রশাসনিক কার্যক্রম প্রয়োজনবোধে অফিস সময়ের পরেও অব্যাহত রাখা এ বোর্ডের একটি নিয়মিত ও রুটিন কাজের অংশ। জরুরি ক্ষেত্রে নির্ধারিত সময়সীমা মেনে চলার স্বার্থে রাতের বেলায় বোর্ডের অভ্যন্তরীণ কার্যক্রম পরিচালিত হয়ে আসছে।

শিক্ষার্থীদের ফলাফল অত্যন্ত সংবেদনশীল ও গুরুত্বপূর্ণ বিষয়। তাই কোনো শিক্ষার্থী যেন ভুল মূল্যায়নের কারণে ক্ষতিগ্রস্ত না হয় বিষয়টি নিশ্চিত করাই বোর্ডের অন্যতম প্রধান দায়িত্ব।

সাংবাদিক মহলের দায়িত্বশীল ভূমিকা ও বস্তুনিষ্ঠ অনুসন্ধানকে শিক্ষা বোর্ড সবসময় শ্রদ্ধা করে। সেই সাথে শিক্ষা সংশ্লিষ্ট যে কোন বিষয়ে বস্তুনিষ্ঠ তথ্য প্রচারের জন্য সাংবাদিক, প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়া কর্মীদের আন্তরিক সহযোগিতা কামনা করে। রাতের বেলায় চলমান এই জরুরি ও রুটিনভিত্তিক প্রাতিষ্ঠানিক কার্যক্রমকে অন্য কোনো বিশেষ প্রেক্ষাপটে বা ভিন্নভাবে উপস্থাপন করা থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি বিনীত অনুরোধ জানানো হচ্ছে। একইসাথে রাজশাহী শিক্ষা বোর্ড সবসময় স্বচ্ছতা, জবাবদিহিতা এবং শিক্ষার্থীদের স্বার্থ সুরক্ষায় বদ্ধপরিকর।

রাজশাহী শিক্ষা বোর্ড শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক ও সর্বসাধারণকে কোনো ধরনের গুজব বা অসম্পূর্ণ তথ্যের ভিত্তিতে বিভ্রান্ত না হওয়ার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছে।

9.9.26

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

রাজশাহী